

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের আল্টিমেটাম

শিক্ষামন্ত্রীর সঙ্গে ভার্চুয়ালি শিক্ষকদের বৈঠক ৬ অক্টোবর

■ ইত্তেফাক রিপোর্ট

সহকারী শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি ও ৬ দফা দাবি আদায়ে আজ থেকে ৪ ঘণ্টার কর্মবিরতি পালন করবে প্রাথমিকের শিক্ষকরা। সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত ৪ ঘণ্টার কর্মবিরতি চলবে ৮ অক্টোবর পর্যন্ত।

এছাড়া ১০ থেকে ১৪ অক্টোবর পূর্ণদিবস কর্মবিরতি পালন করা হবে। আর ১৫ অক্টোবর জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত প্রতীকী অনশন কর্মসূচি পালন করা হবে।

৪টি শিক্ষক সংগঠনের সমন্বয়ে গঠিত প্রাথমিক সহকারী শিক্ষক ফেডারেশনের নেতারা বলেন, সহকারী শিক্ষকরা দীর্ঘদিন যাবৎ তাদের দাবি সরকারের কাছে জানানোর পরও সরকার কোনো উদ্যোগ না নেয়। এ কর্মসূচির ঘোষণা দেয়া হয়েছে। সহকারী শিক্ষকরা তাদের ন্যায্য দাবি পূরণ না হওয়া পর্যন্ত ঘরে ফিরে যাবে না বলে মন্তব্য করেন।

প্রাথমিক সহকারী শিক্ষক ফেডারেশনের ৬ দফা দাবির মধ্যে রয়েছে- ঘোষিত অষ্টম জাতীয় বেতন স্কেলে প্রাথমিক সহকারী শিক্ষকদের বেতন ১১তম গ্রেডে পুনঃনির্ধারণ,

সরাসরি প্রধান শিক্ষক পদে নিয়োগ বন্ধ করে সহকারী শিক্ষক পদ থেকে নিয়োগ দিয়ে যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে বিভাগীয় পরীক্ষার মাধ্যমে মুহূর্তপরিচালক পদ পর্যন্ত শতাংশ বিভাগীয় পদোন্নতির সুযোগ প্রদান, প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ বিধিমালা পরিবর্তন করে মহিলা-পুরুষ নির্বিশেষে সর্বকালের জন্য ন্যূনতম স্নাতক ডিগ্রি শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ।

অন্যদিকে পৃথক বেতন কাঠামো ও অষ্টম বেতন স্কেলে গ্রেড সমস্যা নিরসনের দাবিতে আন্দোলনরত পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আগামী ৬ অক্টোবর শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদদের সঙ্গে আনুষ্ঠানিকভাবে বৈঠকে বসছেন। এদিন বেলা তিনটায় শিক্ষা মন্ত্রণালয়ে এ বৈঠকটি অনুষ্ঠিত হবে।

শিক্ষকরা পৃথক বেতন কাঠামো সহ কয়েকটি দাবিতে গত প্রায় চার মাস ধরে আন্দোলন করছেন। এর মধ্যেই গত ৭ সেপ্টেম্বর সিলেকশন গ্রেড ও টাইমস্কেল বাদ দিয়ে অষ্টম বেতন স্কেল অনুমোদন করে মন্ত্রিসভা। এরপর শিক্ষকদের আন্দোলন আরো জোরদার হয়।